

তারিখ: ০৩ আগস্ট ২০১৭

1. Asst Reg (Admin)
2. pl circulate & Director to All HODs
3. pl post it on our notice board
4. IT on
5. pl post it on our website 2/16/18

স্মারক নং- ০৩.৮০৭.০০২.০০.০২০.২০১৭-২১৮৫

বিষয়: ডিজিভিলিটি চ্যালেঞ্জ ফান্ড এবং উইমেন্স ইনোভেশন ক্যাম্প ২০১৭ প্রতিযোগিতা সম্পর্কে শিক্ষক-শিক্ষার্থীদের অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম জনগণের দোরগোড়ায় সেবা নিশ্চিত করতে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করে আসছে। এই উদ্যোগের সাথে জনগণের সরাসরি সম্পৃক্ততা নিশ্চিত করতে বিদ্যমান সমস্যা বা চ্যালেঞ্জ সমূহ সকলের জন্য উন্মুক্ত করে দেয়া হচ্ছে যাতে সারা দেশের যে কোনো প্রান্ত থেকে যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উত্তাবনী সমাধানের ধারণা প্রদান করতে পারে।

২। এরই ধারাবাহিকতায় শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ডিজিভিলিটি চ্যালেঞ্জ ফান্ড প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ইউনিভার্সিটিতে সকল ধরনের শিক্ষার্থীর জন্য সমমানের শিক্ষা নিশ্চিত করতে ইনক্লুসিভ ইউনিভার্সিটি তৈরি এর মূল উদ্দেশ্য। সারা দেশ থেকে ইনক্লুসিভ ইউনিভার্সিটি বাস্তবায়নের জন্য নির্বাচিত ৩টি চ্যালেঞ্জের সমাধান আহবান করা হয়েছে এবং আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইনে উত্তাবনী সমাধান দাখিল করার সুযোগ প্রদান করা হয়েছে। নির্বাচিত সেরা উত্তাবনী সমাধান পাইলটিং এর জন্য সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা প্রদান করা হবে। চ্যালেঞ্জ ৩টি প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বাস্তবায়ন করা হবে এবং এর সফলতার উপর ভিত্তি করে ধারাবাহিকভাবে সারা দেশের সকল ইউনিভার্সিটিতে এই উত্তাবনী বাস্তবায়ন করা হবে। গত ৩০ জুলাই ২০১৭ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ ডিজিভিলিটি চ্যালেঞ্জ ফান্ড প্রতিযোগিতার শূভ উদ্বোধন ঘোষণা করেন। এ সম্পর্কে বিস্তারিত জানতে বা উত্তাবনী সমাধান দাখিল করতে এই সাইটে (challenge.gov.bd/inclusiveuniversity) ভিজিট করতে হবে।

৩। এছাড়া সামাজিক এবং আর্থিক কাঠামোতে নারীদের ক্ষমতায়নের পরিবেশ তৈরিতে এবং 'নারীর দুর্ভোগ নিরসনে নারীর উত্তাবন' স্লোগানকে সামনে রেখে প্রতি বছর উইমেন্স ইনোভেশন ক্যাম্প নামক একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়। গত ২৪ জুলাই ২০১৭ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মেহের আফরোজ চুমকি উইমেন্স ইনোভেশন ক্যাম্প ২০১৭ এর শূভ উদ্বোধন ঘোষণা করেন। এর মাধ্যমে সারা দেশ থেকে নারীদের নির্বাচিত ৪টি সমস্যার সমাধান আহবান করা হয়েছে এবং আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইনে উত্তাবনী সমাধান দাখিল করার সুযোগ প্রদান করা হয়েছে। নির্বাচিত সেরা এক বা একাধিক উত্তাবনী সমাধানের ধারণাকে পুরস্কৃত করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে পুরস্কৃত ধারণার পাইলটিং করার জন্য প্রয়োজনীয় আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করা হবে। এ সম্পর্কে বিস্তারিত জানতে বা উত্তাবনী সমাধান দাখিল করতে এই সাইটে (challenge.gov.bd/wic) ভিজিট করতে হবে।

৩। উল্লিখিত সমস্যা ও চ্যালেঞ্জ সমূহের প্রযুক্তি ভিত্তিক উত্তাবনী সমাধান প্রদানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যাচ্ছে। ইতিপূর্বে এ ধরনের প্রতিযোগিতায় শিক্ষক-শিক্ষার্থীর ব্যাপক ইতিবাচক সাড়া পাওয়া গেছে এবং তাদের বেশ কয়েকটি কার্যকর উত্তাবনী উদ্যোগ বর্তমানে বাস্তবায়নধীন রয়েছে। প্রতিযোগিতার উপর ভিত্তি করে তৈরিকৃত লিফলেট এবং স্টিকার অত্র পত্রের সাথে সংযুক্ত করা হলো। এগুলো তাঁর ইউনিভার্সিটিতে সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষার্থীর নিকট বিতরণ, ইউনিভার্সিটির নোটিশ বোর্ড, ওয়েবসাইট এবং বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করা ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সর্বিনয়ে অনুরোধ জানানো যাচ্ছে।

সং যুক্তি: বর্ণনামতে

(কবির বিন আনোয়ার)

মহাপরিচালক (প্রশাসন) এবং

প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম

ই-মেইল: kabirbinanwar@pmo.gov.bd

ভাইস চ্যাপেলর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়

প্লট# ১৪/০৬-১৪/২৩, পল্লবী মিরপুর-১২, ঢাকা-১২১৬

Old Sangsad Bhaban, Tejgaon, Dhaka-1215

88 02 9144448, 9102311, 93154176 88 02 9112976 a2i@a2i.pmo.gov.bd

www.a2i.pmo.gov.bd a2i@bangladesh.gov.bd

B S M R M U

File Name: ৩৩/০৬/১৭

Date: ৩৩/০৬/১৭

VC: 131

PS to VC

PRO

PA to VC

Supdt



“ইনক্লুসিভ ইউনিভার্সিটি বাস্তবায়নে চ্যালেঞ্জ ফান্ড”

আপনার উদ্ভাবনই
প্রতিবন্ধী শিক্ষার্থীকে দিতে পারে
উচ্চ শিক্ষার সুযোগ

উদ্ভাবন জমা দিয়ে জিতে নিন
উদ্ভাবন পাইলটিং করার আর্থিক ও
কারিগরি সহায়তা

 **ডিজিবেলিটি**
চ্যালেঞ্জ ফান্ড
২০১৭

উদ্ভাবনী সমাধান জমা দেওয়ার শেষ তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০১৭
বিস্তারিত জানতে: <http://challenge.gov.bd/inclusiveuniversity>



“নারীর দুর্ভোগ নিরসনে নারীর উদ্ভাবন”

আপনার উদ্ভাবনের মাধ্যমে সমাধান করুন নারীর দুর্ভোগ আর
জিতে নিন উদ্ভবন তারকার পুরস্কার!



উইমেন্স

ইনোভেশন ক্যাম্প
২০১৭

সমাধান জমা দেয়ার শেষ তারিখ: সেপ্টেম্বর ১৫, ২০১৭

বিস্তারিত জানতে: <http://www.challenge.gov.bd/wic>

